

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)  
নিয়ামতপুর, নওগাঁ।

স্মারক নং- ৫১.০১.৬৪০০.৬৯.০০২.২১-১০৪

তাং ০৪/১০/২০২১ খ্রি.

বিষয়ঃ ২০২১-২০২২ অর্থবছরে গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর নগদ অর্থ) ১ম পর্যায় সাধারণ উন্নয়ন কর্মসূচির আওতায় বরাদ্দের বিপরীতে নিয়ামতপুর উপজেলার ০৮ টি ইউনিয়ন পরিষদ হতে প্রকল্প দাখিল প্রসঙ্গে।

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০০২.২১.২৫৬ তাং- ১২/০৯/২০২১ খ্রি.  
ও জেলা প্রশাসকের নওগাঁ মহোদয়ের স্মারক নং-৫১.০১.০০০০.০১২.১৪.২৩৪.২১.৩১৯ তাং ২০/০৯/২০২১ খ্রি.

সূত্রোক্ত স্মারক ও উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) ১ম পর্যায়ে কর্মসূচির আওতায় অত্র নিয়ামতপুর উপজেলায় = ১৯,৪০,৮৩৬.১০ (উনিশ লক্ষ চল্লিশ হাজার আটশত ছত্রিশ টাকা দশ পয়সা) টাকার বরাদ্দ পাওয়া গিয়াছে। গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ কর্মসূচির সর্বশেষ জারীকৃত পরিপত্র মোতাবেক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে। এ বরাদ্দ ৫০% জনসংখ্যা ও ৫০% আয়তন অনুসারে ও ২০% উপজেলা পরিষদ কমিটির রিজার্ভ রেখে ইউনিয়ন ভিত্তিক বরাদ্দের বিভাজন করা হ'ল।

ক্রমিক নং	ইউনিয়ন	১ম পর্যায়ে বরাদ্দের পরিমাণ (টাকা)	ক্রমিক নং	ইউনিয়ন	১ম পর্যায়ে বরাদ্দের পরিমাণ (চাল)
০১।	হাজীনগর	১,৮৯,১১৫/-	০৫।	রসুলপুর	২,৪৫,৯৪২/-
০২।	চন্দননগর	১,৬৭,২২২/-	০৬।	পাঁড়ইল	১,৯৬,৫৭১/-
০৩।	ভাবিচা	১,৯৫,৩২৫/-	০৭।	শ্রীমন্তপুর	১,৭৮,৭১২/-
০৪।	নিয়ামতপুর	১,৬৯,৭০৬/-	০৮।	বাহাদুরপুর	২,১০,০৭৬/-

৮০% ইউপি = ১৫,৫২,৬৬৯/-  
২০% রিজার্ভ = ৩,৮৮,১৬৭.১০  
সর্বমোট = ১৯,৪০,৮৩৬.১০

শর্তাবলিঃ

- ১। সর্বনিম্ন ৪৩,৩০০/- ও সর্বোচ্চ ৩,৪৬,৪০০/- টাকার প্রকল্প দাখিল করতে পারবেন।
- ২। কোন প্রকল্পের সভাপতি ইউ.পি চেয়ারম্যানগণ হতে পারবে না।
- ৩। প্রকল্পের তালিকা কাবিখা পরিপত্রের নীতিমালা অনুসারে গ্রহণ করতে হবে।
- ৪। প্রকল্প বাস্তবায়ন কমিটিতে ০৩ (তিন) জন মেম্বর ও ০২ (দুই) জন মহিলা অবশ্যিক।
- ৫। প্রকল্প তালিকা ইউনিয়ন পরিষদের কাবিখা/টি.আর মনোনীত সদস্য সমন্বয়ে গঠিত কমিটির রেজুলেশনের মাধ্যমে গ্রহণ করতে হবে এবং রেজুলেশনসহ প্রকল্প ও কমিটি আগামী .....তারিখের মধ্যে দাখিল করতে হবে। প্রকল্প কমিটি ৫-৭ সদস্য বিশিষ্ট হতে হবে এবং চেয়ারম্যান ইউপি চেয়ারম্যান/সদস্য/স্কুল শিক্ষক/ ভিডিপি সদস্য অবশ্যিক ভাবে থাকবে। যে কোন বিষয়ের ব্যাখ্যার প্রয়োজন হলে প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার সাথে যোগাযোগ করা যাবে। ০৩ (তিন) টির বেশি প্রকল্প থাকলে এক চতুর্থাংশ মহিলা সদস্যদের মধ্য হতে প্রকল্প চেয়ারম্যান করতে হবে। কমিটির নমুনা স্বাক্ষর সম্বলিত ফরমে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানের স্বাক্ষর থাকতে হবে।
- ৬। ধর্মীয় শিক্ষা প্রতিষ্ঠান, জনকন্যাণমূলক প্রতিষ্ঠান মেরামত, সেনেটারী ল্যাট্রিন নির্মাণসহ পরিবেশ উন্নয়নের জন্য জনহিতকর কার্য সম্পাদন বিশুদ্ধ পানি সরবরাহের লক্ষে গভীর নলকূপ স্থাপন, প্রকল্প গ্রহণ করা যাবে। তবে মামলা জনিত বা ব্যক্তিগত জমিতে/ প্রতিষ্ঠানে প্রকল্প গ্রহণ করা যাবে না। জলাবদ্ধতা সৃষ্টিকরে এমন প্রকল্প গ্রহণ করা যাবে না।

চেয়ারম্যান

----- ইউপি।

নিয়ামতপুর, নওগাঁ।

(মোঃ আব্দুল্লাহ আল মামুন)  
উপজেলা নির্বাহী অফিসার  
নিয়ামতপুর, নওগাঁ।

০৪/১০/২১

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৪৬ নওগাঁ-১।

২। জেলা প্রশাসক, নওগাঁ।

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নিয়ামতপুর, নওগাঁ।

৪। জেলা ত্রাণ ও পূর্ববাসন কর্মকর্তা, নওগাঁ।

৫। অফিস কপি।